

PRINT

# সমকাল

## কার্যক্রম স্থগিত রাখা মেডিকলে শিক্ষার্থী ভর্তি করলে ব্যবস্থা - স্বাস্থ্যমন্ত্রী

১০ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

শিক্ষা কার্যক্রম স্থগিত রাখা মেডিকেল কলেজে কোনো শিক্ষার্থী ভর্তি হলে তাদের দায় সরকার নেবে না বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। রোববার বেসরকারি মেডিকেল কলেজ পরিচালনা নীতিমালা-সংক্রান্ত সভায় স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, দেশে চিকিৎসা শিক্ষার মান সমুন্নত রাখতে বেসরকারি মেডিকেল কলেজ পরিচালনা নীতিমালা অনুসরণে সরকার কঠোর অবস্থান বজায় রাখবে। নিয়মের ব্যত্যয় ঘটিয়ে ভর্তি করা শিক্ষার্থীদের নিবন্ধন বাতিলের পাশাপাশি মেডিকেল কলেজের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

সচিবালয়ে অনুষ্ঠিত এ সভায় সিলেটের রাগীব-বারেয়া মেডিকেল কলেজ পরিচালনায় দীর্ঘদিনের অনিয়মের জন্য জরিমানা ও আসন সংখ্যা কমানোসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণে পদক্ষেপ নিতে স্বাস্থ্য শিক্ষা বিভাগের সচিবকে দায়িত্ব দেন স্বাস্থ্যমন্ত্রী। সভায় অন্যদের মধ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব জি এম সালেহ উদ্দিন, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. ইসমাইল খান, স্বাচিপ সভাপতি অধ্যাপক ডা. ইকবাল আর্সলান, বিএমএ মহাসচিব অধ্যাপক ডা. ইহতেশামুল হক চৌধুরী, বিএমডিসি সভাপতি অধ্যাপক ডা. সহিদুল্লা প্রমুখ উপস্থিত ছিলেন।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com

